

পড়ে-পাওয়া ইতিহাস  
বিচার ও বিতর্ক

অনুরাধা রায়



অনুষ্ঠাপ প্রকাশনী

২ই নবীন কুণ্ড লেন, কলকাতা ৭০০ ০০৯

## সূ চি প ত্র

আলোচিত গ্রন্থসমূহ	৯
কৈফিয়ৎ	১১
ইতিহাসের ইতিহাস: হেরোডোটাস থেকে ক্রিস্টোফার হিল	১৭
অবাধ্যতার ইতিহাস: ঔপনিবেশিক বাংলায় কৃষক বিদ্রোহ	২৬
মধ্যযুগের ভারত: রাজনীতি, অর্থনীতি ও সমাজ	৩৪
আরশিনগরের পড়াশি: উনিশ শতকের বাঙালি বুদ্ধিজীবীদের আয়নায় কৃষক বিদ্রোহ	৪৬
চট্টগ্রামের পাহাড়ি জুম্মজাতির এক মেয়ের লড়াই	৯৭
বাংলায় জাতীয়তাবাদী ইতিহাসচিত্তার কয়েকজন পথিকৃৎ	১০৫
বাংলা, ওড়িয়া ও অসমিয়া ভাষায় শিখচর্চা	১১২
সাহিত্য ও নীতিবোধ	১১৬
সাহিত্যে দেশভাগ-জনিত বিপন্নতার ছবি	১২২
আধুনিক বাংলায় বিজ্ঞান ও যুক্তিবাদের এক পথিকৃৎ	১২৬
পথিকৃৎ বাঙালি বিজ্ঞানীদের বিড়ম্বনা	১৩৬
দেশভাগের ইতিহাস রচনায় স্মৃতির ব্যবহার	১৪৫
একটি উপলব্ধিময় জীবনের কিছু খণ্ড আখ্যান	১৫০
একটি স্মৃতিকথার স্মৃতিময় পাঠ: বনেদি উত্তর কলকাতার পটভূমিতে	১৫৬

গ্রামবাংলার লোকায়ত গৌণধর্মী সম্প্রদায়ের গভীর জীবন	১৭২
হিন্দু-মুসলমান সম্পর্ক: ইতিহাসের পাঠ	১৭৮
কমিউনিস্ট নেত্রীর নির্মোহ আত্মসমালোচনা	১৯৪
জটিল নির্ভূর সমাজ ও দেশ-হারানোর মোকাবিলায় সরল শিশুমন	১৯৯
গভীর ইতিহাসের অভিমুখে যাত্রা?	২০৫
সভ্যতার মুখোশ এঁটে লুঠতরাজ, গণহত্যা	২১৩
তিন মহাদেশ ব্যেপে বিকশিত এক সমৃদ্ধ সভ্যতার আখ্যান	২২২
থিয়েটারে লিঙ্গবৈষম্যের ইতিহাস	২৩২
পরিবারচ্যুতি, বাস্তুচ্যুতি ও স্বদেশচ্যুতির যন্ত্রণায় ক্ষতবিক্ষত ইতিহাস	২৩৬
মানবকেন্দ্রিক শ্রেষ্ঠমন্যতাকে দূরে সরিয়ে বিশ্বভরা প্রাণের দিকে তাকানোর আহবান	২৪৯
<b>পরিশিষ্ট</b>	
কলকাতার মধ্যে আরেকটা কলকাতা: এক মারোয়াড়ি ঔপন্যাসিকের কলমে	২৫৭

## আলোচিত গ্রন্থসমূহ

অমলেশ ত্রিপাঠী, ইতিহাস ও ঐতিহাসিক

সৈয়দ আনোয়ার হোসেন ও মুনতাসীর মামুন সম্পাদিত, বাংলাদেশে সশস্ত্র প্রতিরোধ  
আন্দোলন

অনিরুদ্ধ রায় সম্পাদিত: মধ্যযুগের ভারত

স্বপন বসু সংকলিত ও সম্পাদিত: সংবাদ-সাময়িকপত্রে উনিশ শতকের বাঙালিসমাজ (১ম  
খণ্ড): কৃষক প্রজার অবস্থাঃ গণ-অসন্তোষ বিদ্রোহ

হিল উইমেন্স ফেডারেশন সম্পাদিত: কল্পনা চাকমার ডায়েরি

শ্যামলী শূর, ইতিহাসচিত্তার সূচনা ও জাতীয়তাবাদের উন্মেষ (বাংলা ১৮৭০-১৯১২)

Himadri Banerjee, *The Other Sikhs: A View from Eastern India*

অশ্রুকুমার সিকদার, সাহিত্যের সমাজ

অশ্রুকুমার সিকদার, ভাঙা বাংলা ও বাংলা সাহিত্য

আশীষ লাহিড়ী, অক্ষয়কুমার দত্ত: আঁধার রাতে একলা পথিক

স্বাতী ভট্টাচার্য, চক্রব্যূহে বৈজ্ঞানিক

সেমন্তী ঘোষ সম্পাদিত: দেশভাগ: স্মৃতি ও স্তব্ধতা

সন্দীপ বন্দ্যোপাধ্যায়, একতারাতে আধখানা গান

মীরা বসু, স্মৃতির বীণা

সুধীর চক্রবর্তী, আলালদোস্ত সেবাকমলিনী লালনমহলের কথা

সেমন্তী ঘোষ, স্বজাতি স্বদেশের খোঁজে এবং Hitendra Patel, *Communalism and the  
Intelligentsia in Bihar:1870-1930, Shaping Caste, Community and  
Nationhood*

মণিকুস্তলা সেন, *জনজাগরণে, নারীজাগরণে* (জন্মশতবার্ষিক রচনাসংগ্রহ), সংকলন: মণিকুস্তলা  
সেন শতবার্ষিকী কমিটি

সীমা দাস, *দ্যাশ থেকে দেশ*

সুমিতা দাস, *কলম্বাস-পূর্ব আমেরিকা: মুছে দেওয়া সভ্যতার ইতিহাস*

সুমিতা দাস, *কলম্বাসের পর আমেরিকা: ধ্বংস মৃত্যু লুপ্তন ও গণহত্যা*

সুমিতা দাস, *অন্য এক রেনেসাঁস: আরব-ইসলামীয় সভ্যতার স্বর্ণযুগে জ্ঞানবিজ্ঞানের বিকাশ*

Trina Nileena Banerjee, *Performing Silence: Women in the Group Theatre  
Movement in Bengal*

Isabel Allende, *The Wind Knows My Name*

Ed Yong, *An Immense World: How Animal Senses Reveal the Hidden Realms  
Around Us*

অলকা সারাওগী, *কলিকথা ভায়া বাইপাস* (হিন্দিতে মূল বইয়ের প্রকাশ ১৯৯৮), *শেষ কাদম্বরী*  
(প্রথম হিন্দিতে প্রকাশ ২০০৮), *দর্জ কিজিয়ে নাম কুলভূষণ* (প্রথম হিন্দিতে প্রকাশ  
২০২২)

## কৈ ফি য় ৭

এ বই হল আমার পড়ে-পাওয়া ইতিহাস। অবশ্য ইতিহাস যেটুকু জেনেছি, বেশির ভাগটা পড়েই তো জেনেছি। সুতরাং আরও একটু স্পষ্ট করে বলা দরকার, এ হল কিছু বই নিয়ে আলোচনা। তবে কিনা যত দিন গেছে নিজের জীবনের সঙ্গে পড়া ইতিহাসকে মিলিয়ে নেবার তাগিদ অনুভব করেছি বেশি বেশি করে। এ বইতেও তার পরিচয় হয়তো কিছুটা পাওয়া যাবে। কিন্তু আলোচনাগুলিকে জড়ো করে পাঠকদের কাছে পৌঁছে দেবার প্রধান উদ্দেশ্য, বইগুলিতে বিধৃত বিচিত্র বিষয়ের সঙ্গে তাদের পরিচয় করিয়ে দেওয়া, যে বিষয়গুলি অনেকদিন ধরে ঐতিহাসিকদের আগ্রহ জাগাচ্ছিল ও জাগাচ্ছে, ইতিহাসচর্চার নতুন নতুন দিগন্ত খুলে দিচ্ছে। রাজনৈতিক ইতিহাস থেকে সামাজিক-সাংস্কৃতিক ইতিহাসের দিকে যাত্রা তো শুরু হয়েছিল অনেক বছর আগেই। দৃষ্টিভঙ্গির দিক দিয়েও তো অ্যানাল স্কুল, মার্কসবাদ, উত্তর-আধুনিকতা, নারীবাদ, গভীর ইতিহাস ইত্যাদি ইতিহাসচর্চায় জায়গা করে নিয়েছে। এই বইতেও তার কিছু পরিচয় রইল।

বইয়ের আলোচনা তথা সমালোচনা, প্রায়শ ইংরেজিতে বলা হয় 'বুক রিভিউ', সচরাচর ফরমায়েশিই হয়ে থাকে। বহু বছর আগে, আমার তখন অল্প বয়স, প্রতিক্ষণ পত্রিকার অরুণ সেনের অনুজ্ঞায় কয়েকটি বই রিভিউ করেছিলাম। তারপর দীর্ঘ সময়ের ফারাকে বারোমাস-সম্পাদক অশোক সেনের প্রশ্নে পর পর বেশ ক-বছর। এছাড়া মাঝে মাঝে *অনুষ্ঠাপ*, *আরেক রকম*, *একক মাত্রা*, *পরিকথা*, *পরিচয়*, *বঙ্গদর্শন*, *বাঙালির বই পড়া*, প. ব. বাংলা আকাদেমির পত্রিকা *বাংলা বই*, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মানবীবিদ্যা চর্চা কেন্দ্রের